পশ্চিমবঙ্গ সরকার
শিশুবিকাশ প্রকল্প আধিকারিকের করণ
ব্যারাকপুর শহর সুসংহত শিশুবিকাশ সেবা প্রকল্প
টিটাগড়, উত্তর ২৪ পরগণা,পিন-৭০০১১৯

**স্মারক নং:** ২৯ /আই.সি.ডি.এস/ বিকেপি(ইউ) **তাং** ২৯/০২/২০২৪

## বিজ্ঞপ্তি (NOTICE)

এতদ্দ্বারা জানানো যাচ্ছে যে ব্যারাকপুর শহর সুসংহত শিশু বিকাশ সেবা প্রকল্পে অঙ্গনওয়াড়ি সহায়িকা পদে নিযুক্তির জন্য কেবল মাত্র ব্যারাকপুর শহর সুসংহত শিশু বিকাশ সেবা প্রকল্প এলাকার অর্থাৎ ব্যারাকপুর পৌরসভার অন্তর্ভুক্ত নিম্ন লিখিত ওয়ার্ডের স্থায়ী বাসিন্দা (কেবলমাত্র মহিলা) এমন প্রার্থী তথা আবেদনকারিণীদের নিকট হতে নিম্নলিখিত শর্তে আবেদন পত্র আহ্বান করা হচ্ছে । এই নিয়োগ সম্পূর্ণরূপে স্বেচ্ছাসেবামূলক। এই কাজে নিযুক্ত সহায়িকা কোন মতেই সরকারী কর্মী হিসেবে গণ্য হবেন না। অঙ্গনওয়াড়ি সহায়িকা দের সরকার অনুমোদিত হারে প্রতি মাসে সাম্মানিক ভাতা সহ অতিরিক্ত ভাতা প্রদান করা হবে। বর্তমানে অঙ্গনওয়াড়ি সহায়িকা দের চালু সাম্মানিক ভাতার পরিমাণ মাসিক ২২৫০/- টাকা ও অতিরিক্ত সাম্মানিক ভাতার পরিমান মাসিক ৪০৫০/- টাকা।প্রার্থীকে অবশ্যই ভারতীয় নাগরিক হতে হবে।

সরাসরি নিয়োগের মাধ্যমে শূণ্য পদ অনুযায়ী সংরক্ষণ বিন্যাস:

| ওয়ার্ডের নম্বর | মোট শূন্য পদ | অসংরক্ষিত | তপশিলী জাতি | তপশিলী উপজাতি | অন্যান্য অনগ্রসর শ্রেণী A | অন্যান্য অনগ্রসর শ্রেণী B | শারীরিক প্রতিবন্ধী |
|---|---|---|---|---|---|---|---|
| ১১ | মোট-০৩ (তন্মধ্যে আর্থিক ভাবে অনগ্রসর শ্রেণী- ০০) | মোট-০০ (তন্মধ্যেআর্থিক ভাবে অনগ্রসর শ্রেণী- ০০) | মোট-০০ | মোট-০১ | মোট-০০ | মোট-০১ | মোট-০১ |
| ১৬ | মোট-০১ (তন্মধ্যে আর্থিক ভাবে অনগ্রসর শ্রেণী- ০০) | মোট-০০ (তন্মধ্যেআর্থিক ভাবে অনগ্রসর শ্রেণী- ০০) | মোট-০০ | মোট-০০ | মোট-০০ | মোট-০১ | মোট-০০ |
| ১৭ | মোট-০২ (তন্মধ্যে আর্থিক ভাবে অনগ্রসর শ্রেণী- ০০) | মোট-০০ (তন্মধ্যেআর্থিক ভাবে অনগ্রসর শ্রেণী- ০০) | মোট-০০ | মোট-০০ | মোট-০১ | মোট-০১ | মোট-০০ |

